

Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 04 May, 2025

নারী সংস্কার কমিশনের বিতর্কিত ও সাংঘর্ষিক বিষয় পর্যালোচনায় বিশেষজ্ঞ কমিটি গঠনের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট হয়েছে।

রোববার (৪ মে) জনস্বার্থে হাইকোর্টের একজন আইনজীবী সংশ্লিষ্ট শাখায় রিটটি দায়ের করেন।

একইসঙ্গে রিট নিষ্পত্তি না হওয়া পর্যন্ত নারী সংস্কার কমিশনের সুপারিশ বাস্তবায়ন না করার নির্দেশনা চাওয়া হয়েছে।

এছাড়া নারী সংস্কার কমিশনের তিন, চার, ছয়, দশ, এগারো ও বারো নাম্বার সুপারিশ ইসলামি আইন, জনগণের অনুভূতিতে আঘাত এবং সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক দাবি করে বাতিল চাওয়া হয়েছে।

নারী সংস্কার কমিশন হাইকোর্টে রিট আইনজীবী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:43

URL: <https://timestodaybd.com/bangladesh/5198661866>